# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
# হাইকোর্ট বিভাগ
## (২০২৫ ইং সনের ১১৮নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ১৫ মে, ২০২৫খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চ গঠন করা হইলঃ

১. **বিচারপতি জে. বি. এম. হাসান**
**এবং**
**বিচারপতি ফয়েজ আহমেদ**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত বিষয়াদির রীট মোশন সহ ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য সকল প্রকার ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; শুনানীর জন্য ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশ্রুত থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

**উল্লেখ্য যে, প্রতি বৃহস্পতিবার দুপুর ২:০০ ঘটিকা হইতে বিকাল ৪:১৫ মিনিট পর্যন্ত ফৌজদারী কার্যবিধি ৪৯৮ এবং ৫৬১A ধারা মোতাবেক ২০২৪ ইং সাল পর্যন্ত ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ শুনানী ও নিস্পত্তি করিবেন এবং তৎসংক্রান্ত আবেদনপত্র গ্রহণ করিবেন।**

স্বাঃ
**বাংলাদেশের প্রধান বিচারপতি**
তারিখঃ- ১৪ মে, ২০২৫খ্রিঃ

প্রচারের জন্য ঃ-

১। বিচারপতি জে. বি. এম. হাসান

২। বিচারপতি ফয়েজ আহমেদ